

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব)

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব) এর
“নৈতিকতা কমিটি”র সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব) এ গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ১ম সভা মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ আবুল কাশেম এর সভাপতিত্বে ২৯-০৯-২০২০ ইং সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন :-

- (ক) জনাব মোঃ রাজু আহাম্মেদ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব) ও সদস্য।
(খ) জনাব মোঃ জসিম উদ্দিন, মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব) ও সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
(গ) জনাব মোঃ ফয়েজুল হক, মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব) ও উপস্থাপনকারী।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সমন্বয়পযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

(ঘ) সভার শুরুতে উপস্থাপনকারী কর্মকর্তা জনাব মোঃ ফয়েজুল হক সভার আলোচ্যসূচী তুলে ধরেন। যার বিবরণ নিম্নরূপ :

- ০১) ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে আপলোড করন।
০২) শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
০৩) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ ও করনীয়।
০৪) যে সকল শাখায় ব্যাপক অনিয়মের অভিযোগ রয়েছে উক্ত শাখাসমূহের সর্বশেষ অবস্থা পর্যালোচনা।
০৫) কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা।
০৬) সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে শাখাসমূহে উৎসাহ প্রদান।
০৭) অভিযোগ বাস্তব স্থাপন।
০৮) রুটিন মাসিক শাখা পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন।
০৯) গন শুনানীর আয়োজন।
১০) বিবিধ।


(ঙ) আলোচ্যসূচী মোতাবেক সকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, যার বিবরণ নিম্নরূপ :


সূচী নং	বিষয়বস্তু	আলোচনার বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে আপলোড করন।	উপস্থাপনকারী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রনয়নের কাজ চলছে। কর্মপরিকল্পনা প্রনয়নে বিলম্ব হওয়ার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। অপরদিকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের কর্মপরিকল্পনা ২৭.০৯.২০২০ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	আগামী ৩০.০৯.২০২০ এর মধ্যে পরিকল্পনা প্রনয়ন করে ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।	জনাব মোঃ ফয়েজুল হক মুখ্য কর্মকর্তা,
০২	শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।	অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করা জরুরী। সকল ক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়নের জন্য শাখাসমূহে ব্যাপক প্রচারনা চালাতে হবে এবং কাউন্সিলিং করতে হবে। সকল শাখায় অভিযোগ বাস্তব স্থাপনসহ গনসচেতনতা মূলক পোষ্টার (যেমন : মালিন্দরিং প্রতিরোধ, জাল টাকা চিহ্নতকরন পদ্ধতি, করোনা সচেতনতা, টাকা জমাদিয়ে যথাযথ স্বাক্ষর সম্বলিত রশিদ গ্রহন ইত্যাদি) টাঙ্গাতে হবে। মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে প্রয়োজনীয় পোষ্টার বা লিফলেট ছাপিয়ে সরবরাহ করবে।	প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ০৫.১০.২০২০ এর মধ্যে পত্র যোগে অবহিত করতে হবে।	ও সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০৩	বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ	দায়িত্ব পালনকারী কর্মকর্তা সভাকে জানান যে, বর্তমানে কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অমিমাংসিত কোন অভিযোগ মুখ্য আঞ্চলিক কার্যালয়ে নেই বলেও জানান।	যে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহনের করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা
০৪	যে সকল শাখায় ব্যাপক অনিয়মের অভিযোগ রয়েছে	অঞ্চলাধীন নজুমিয়াহাট শাখা ও আলমশাহ পাড়া মাদ্রাসা শাখার বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া যায়। নজুমিয়াহাট শাখার উপর বিশদ নিরীক্ষা দল কর্তক নিরীক্ষা কার্য	নজুমিয়াহাট শাখার বিষয়ে সর্বশেষ ব্যবস্থা গ্রহনের বিষয়ে নিবিড়ভাবে পর্যবেক্ষন করতে হবে।	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক


	উক্ত শাখাসমূহের সর্বশেষ অবস্থা পর্যালোচনা	সম্পাদন করা হয়েছে। বর্তমানে দায়ীদেরকে ব্যাখ্যা তলব করে তাদের জবাবের আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম এ প্রকৃষায়ীনা আছে। আলমশাহ পাড়া মাদ্রাসা শাখায় বিশদ নিরীক্ষা দল গত ০৬ মাস ধরে কাজ করেছে। তাদের প্রতিবেদন পাওয়া গেলে বিষয়টি মনিটরিং করা হবে। শাখায় হিসাবের খাতসমূহ সুসমকরণের কাজও চলমান আছে। কিছু কিছু হিসাবের খাত ইতোমধ্যে মিলাও হয়েছে।	আলমশাহ পাড়া মাদ্রাসা শাখায় পরিচালিত বিশদ নিরীক্ষা দল ০৬ মাস পার হওয়ার পরও রিপোর্ট দাখিল না পারার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনতে হবে। শাখার হিসাবের খাতসমূহ মিলাওের কাজের অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।	
০৫	কম্পিউটারাইজে শনের অগ্রগতি পর্যালোচনা।	স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিটি শাখাকে ডিজিটলাইজড করার বিষয়ে বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা এবং শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় ভীতি/অনীহা দূর করে আন্তরিকতার সাথে স্বউদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন। ব্যাংকের প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক নির্ধারিত শাখাসমূহের কম্পিউটারাইজেশনের কাজ দ্রুত সম্পাদনের জন্য কাজ চলছে। যে সকল শাখায় লাইভ অপারেশনে পরিচালিত হচ্ছে সে সকল শাখা তাদের ডাটা ব্যাক আপ এর সিডি মুখ্য আঞ্চলিক কার্যালয়ে প্রেরন না করার বিষয়টি সভায় আলোচনা করা হয়। অধীনস্থ অধিকাংশ শাখায় দিনের বেলায় বিদ্যুৎ থাকে না। ফলে যে সকল কম্পিউটারাইজ শাখায় জেনারেটর নেই তাদের সাধারণ ব্যাংকিং কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত শাখাসমূহে জেনারেটর সরবরাহ প্রয়োজন। আঞ্চলিক পর্যায়ে কম্পিউটারসামগ্রী ক্রয়ের জন্য বাজেট সংস্থাপন করায় বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।	(ক) জেনারেটর নেই এমন শাখাসমূহের তালিকা তৈরী করে বিভাগীয় কার্যালয়ে প্রস্তাব প্রেরন করতে হবে এবং নিয়মিত যোগাযোগ রাখতে হবে। (খ) লাইভ শাখাসমূহের তালিকা তৈরী করে তাদেরকে বেকআপ সিডি প্রেরনের জন্য তাগিত দিতে হবে। মুখ্য আঞ্চলিক কার্যালয়ে একজন কর্মকর্তাকে সাপ্তাহিক ভিত্তিতে বিষয়টি মনিটরিং এর দায়িত্ব দেয়া হবে। (গ) যে সকল শাখায় কম্পিউটার সামগ্রীর ঘাটতি রয়েছে। গুরুত্বের বিবেচনায় তাদেরকে পর্যায়ক্রমে কম্পিউটার সামগ্রীর সরবরাহ করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা
০৬	সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে শাখাসমূহে উৎসাহ প্রদান	অটোমেশনের মাধ্যমে ব্যাংকের সার্বিক কার্যক্রম আরো সহজে করা যায় বা গ্রাহকের সেবা প্রদানে আরো গতিশীল করা যায় এ বিষয়ে সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী কার্যক্রমের বিষয়টি চলমান আছে। এ প্রোগ্রামের আওতায় ইতোমধ্যে অনেক নতুন নতুন উদ্ভাবনী পাওয়া গেছে। ফলে দেশের অনেক ক্ষেত্রে সেবার মান বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত হয়েছে। ব্যাংকের ক্ষেত্রেও প্রোগ্রামের আওতায় অনেক কিছু করার সুযোগ রয়েছে। অধীনস্থ অনেক শাখায় অনেক দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা রয়েছে। তারাও চেষ্টার করলে নতুন নতুন উদ্ভাবনীর কাজ করতে পারবে।	এ বিষয়ে শাখাসমূহে ব্যাপক প্রচার ও উৎসাহ প্রদান করা হবে।	----
০৭	অভিযোগ বাস্তব স্থাপন	আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরণের উপায় হিসেবে দৃষ্টিগোচর স্থানে অভিযোগ বাস্তব কিছু কিছু শাখায় এখনও স্থাপন করা হয়নি। যে সকল শাখায় এখনও অভিযোগ বাস্তব স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাস্তব স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে।	যে সকল শাখায় এখনও অভিযোগ বাস্তব স্থাপন করা হয়নি, সে সকল শাখার তালিকা করে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাস্তব স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা
০৮	রুটিন মাসিক শাখা পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন	স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। গত ০৩ মাসে মুখ্য আঞ্চলিক মহোদয় সকল শাখা একাধিক বার পরিদর্শন করেছেন। ব্যাংকের নির্ধারিত নিয়ম অনুসারে ০৭ টি শাখায় (প্রতি ত্রৈমাসিকে ০৬ টি শাখা নির্ধারিত) রুটিন মাসিক অর্ধবার্ষিক পরিদর্শন করা সম্পাদন করেছেন। পরিদর্শনকৃত শাখাসমূহের রিপোর্ট তৈরী ও প্রেরনের কাজ চলমান আছে। ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত ০৩ টি শাখার অভ্যন্তরীণ নিরীক্ষার কাজ শেষ করে প্রতিবেদন প্রেরন করা হয়েছে। জুলাই ও আগস্ট মাসে হিসাব সমাপনী পরবর্তী নিরীক্ষা ও শ্রেণীকৃত ঋণ সংক্রান্ত নিরীক্ষার কাজ চলমান থাকায় রুটিন মাসিক নিরীক্ষা করা শাখার সংখ্যা কম। আগামীতে প্রতি মাসে অন্তত ২-৩ টি শাখা নিরীক্ষা করা হবে।	সকল শাখা পরিদর্শনের জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপককে ধন্যবাদ জানানো হয়। পরিদর্শনের এ ধারা অব্যাহত রাখা হবে। যদি কোন পরিদর্শন রিপোর্ট প্রেরনের বাকী থাকে তা আগামী ০৭ দিনের মধ্যে প্রেরন করতে হবে। যে সকল শাখায় দীর্ঘ দিন ধরে নিরীক্ষা করা হয়নি সেসকল শাখায় আগে নিরীক্ষা করা হবে।	-----
০৯	গন শুনানীর আয়োজন	শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহন। এ ক্ষেত্রে গন শুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল। প্রধান কার্যালয় হতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গত ২৪.০৯.২০২০ তারিখে সকল বিভাগের বিভিন্ন গ্রাহকদের সাথে	আগামী অক্টোবর/২০ এর মধ্যে শাখায় গমন করে প্রতিটি শাখার অন্তত ০৮/১০ জন গ্রাহকের শুনানী নেয়া হবে।	শাখাসমূহ


		ভিডিও কনফারেন্স (ভার্চুয়েল মিটিং) এর মাধ্যমে গনশুনানী করেন। বিয়য়টি ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং সকলের জন্য অনুকরণীয়। অত্র অঞ্চলে এখনো কোন ধরনের গনশুনানীর আয়োজন করা হয়নি।		
১০	বিবিধ	পরবর্তী মিটিং আয়োজন। ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা। অত্র সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করা	পরবর্তী মিটিং যথাসময়ের মধ্যে আয়োজন করতে হবে। ২০২০- ২০২১ অর্থবছরে শুদ্ধচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে । অত্র সভার কার্যবিবরণী ওয়েবসাইটে জরুরী ভিত্তিতে আপলোড করতে হবে।	সদস্য-সচিব এবং শুদ্ধচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

- ৮) সার্বিকভাবে দেশের অর্থনিতির উন্নয়নের স্বার্থে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ প্রনোদনার আওতায় (এসিডি-০১, এসিডি-০২, এসএমইপিডি-০১)
অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণ বৃদ্ধি জোরদার করারসহ প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের শুদ্ধচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান
করতে হবে।
সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে
ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ ফয়েজুল হক)
 মুখ্য কর্মকর্তা,
 বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,
 চট্টগ্রাম (পূর্ব)
 ও
 উপস্থাপনকারী


 (মোঃ জসিম উদ্দিন)
 মুখ্য কর্মকর্তা, বিকেবি,
 মুখ্য আঞ্চলিক কার্যালয়,
 চট্টগ্রাম (পূর্ব) ও
 সদস্য-সচিব এবং
 শুদ্ধচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা


 (মোঃ রাজু আহমেদ)
 আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,
 বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা
 কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব)
 ও
 সদস্য



 (মোঃ আবুল কাশেম)
 উপমহাব্যবস্থাপক
 বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম
 (পূর্ব)
 ও
 সভাপতি

সূত্র নং-মুআকা (পূর্ব)শুদ্ধচার-০১/২০২০-২০২১/৬৯৮

তারিখ : ২৯.০৯.২০২০ খ্রিঃ

অবগতি ও কার্যকরনে অনুলিপি :-

- ১। স্টাফ অফিসার , মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম (পূর্ব)।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, চট্টগ্রাম (পূর্ব) মুখ্য আঞ্চলিক।
- ০৬। বিকেবি, ওয়েব সাইড।


 মোঃ জসিম উদ্দিন)
 মুখ্য কর্মকর্তা